**রেজিস্টার্ড নং ডি এ-১**

**"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল**

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, আগস্ট ১২, ২০২০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৫ শ্রাবণ ১৪২৭/০৯ আগস্ট ২০২০

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৯.১৬৩—জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দৌহিত্রী এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্যা কন্যা, বাংলাদেশ সরকারের নিউরোডেভেলপমেন্টাল ডিজঅর্ডার এন্ড অটিজম বিষয়ক জাতীয় উপদেষ্টা কমিটির সভাপতি, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন অটিজম বিশেষজ্ঞ, বিশ্ব স্বাস্থ্য সংস্থার মানসিক স্বাস্থ্যবিষয়ক বিশেষজ্ঞ উপদেষ্টা প্যানেলের সদস্য মিজ্ সায়মা ওয়াজেদ হোসেন ক্লাইমেট ভালনারেবল ফোরাম (সিভিএফ)-এর 'থিমেটিক অ্যাম্বাসেডর' হিসাবে মনোনীত হয়েছেন।

২। জলবায়ু পরিবর্তন-সৃষ্ট ঝুঁকি মোকাবেলায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের গৃহীত পদক্ষেপসমূহ বিশ্বব্যাপী প্রশংসিত হচ্ছে। এরই ধারাবাহিকতায় মিজ্ সায়মা ওয়াজেদ হোসেনের ক্লাইমেট ভালনারেবল ফোরামের থিমেটিক অ্যাম্বাসেডর হিসাবে অন্তর্ভুক্তি আরেকটি উল্লেখযোগ্য অর্জন। এ সম্মান আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের অবস্থান ও ভাবমূর্তি আরও গৌরবময়, সুসংহত ও উজ্জ্বল করায় মিজ্ সায়মা ওয়াজেদ হোসেনকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে মন্ত্রিসভার ১২ শ্রাবণ ১৪২৭/২৭ জুলাই ২০২০ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব



**মূল্য :** টাকা ৪.০০

## মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

ঢাকা : ১২ শ্রাবণ ১৪২৭ / ২৭ জুলাই ২০২০

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দৌহিত্রী এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্যা কন্যা, বাংলাদেশ সরকারের নিউরোডেভেলপমেন্টাল ডিজঅর্ডার এন্ড অটিজম বিষয়ক জাতীয় উপদেষ্টা কমিটির সভাপতি, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন অটিজম বিশেষজ্ঞ, বিশ্ব স্বাস্থ্য সংস্থার মানসিক স্বাস্থ্যবিষয়ক বিশেষজ্ঞ উপদেষ্টা প্যানেলের সদস্য মিজ্ সায়মা ওয়াজেদ হোসেন ক্লাইমেট ভালনারেবল ফোরাম (সিভিএফ)-এর 'থিমেটিক অ্যাম্বাসেডর' হিসাবে মনোনীত হয়েছেন।

জলবায়ু পরিবর্তনের কারণে ঝুঁকি-সম্মুখীন দেশগুলির সমন্বিত জোট, ক্লাইমেট ভালনারেবল ফোরাম (সিভিএফ) সম্প্রতি আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন অটিজম বিশেষজ্ঞ, বিশ্ব স্বাস্থ্য সংস্থার মানসিক স্বাস্থ্যবিষয়ক বিশেষজ্ঞ উপদেষ্টা প্যানেলের সদস্য মিজ্ সায়মা ওয়াজেদ হোসেনসহ মোট চারজনকে উক্ত ফোরামের 'থিমেটিক অ্যাম্বাসেডর' মনোনীত করেছে। মিজ্ সায়মা ওয়াজেদের সঙ্গে থিমেটিক অ্যাম্বাসেডর হিসাবে আরও থাকছেন মালদ্বীপের সাবেক প্রেসিডেন্ট ও বর্তমান স্পিকার মি. মোহাম্মদ নাশিদ, ফিলিপিন্সের জাতীয় সংসদের উপ-স্পিকার মিজ্ লরেন লেগার্দা এবং ডেমোক্রেটিক রিপাবলিক অব কঙ্গোর শীর্ষস্থানীয় জলবায়ু পরিবর্তন বিশেষজ্ঞ মি. তোসি এমপানু-এমপানু। উল্লেখ্য, সিভিএফ-এর বর্তমান সভাপতি বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষে তাঁদেরকে স্ব স্ব দায়িত্ব গ্রহণের আমন্ত্রণ জানান পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেন।

থিমেটিক অ্যাম্বাসেডরগণ বিশ্বব্যাপী জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব ও ঝুঁকির বিষয়ে গণপ্রচারণা চালানোর মধ্য দিয়ে বিভিন্ন অংশিজন, জোট এবং এ-বিষয়ে সোচ্চার মহলকে গণসচেতনতা গড়ার ক্ষেত্রে সক্রিয় রাখতে প্রায়োগিক উদ্যোগ গ্রহণ করবেন, বিশেষ করে প্যারিস চুক্তির অভিলক্ষ্য অনুযায়ী বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধির হার ১.৫ সেন্টিগ্রেডের মধ্যে সীমিত রাখতে বিশ্বের সকল দেশকে সমন্বিত প্রয়াসে এগিয়ে যেতে কার্যকর ভূমিকা রাখবেন। থিমেটিক অ্যাম্বাসেডরগণ সিভিএফ সভাপতির গুরুত্বপূর্ণ এজেন্ডা ও অগ্রাধিকারসমূহ বাস্তবায়ন এবং সরকারের নির্বাহী বিভাগের বাইরে থেকেও বিদ্যমান ও নতুন নেটওয়ার্কের সঙ্গে কার্যকর সমন্বয় রক্ষাক্রমে জলবায়ু-পরিবর্তন প্রভাবের ঝুঁকিপূর্ণ দেশগুলির নিরাপত্তাবিধান ও স্বার্থসংরক্ষণে ভূমিকা রাখবেন। জলবায়ু পরিবর্তনের প্রতিকূল অভিঘাত মোকাবেলায় আন্তর্জাতিক সহযোগিতা ও সমন্বয়সাধনের ক্ষেত্রে তাঁরা সিভিএফ দেশসমূহের পক্ষে সংশ্লিষ্ট সকলকে কার্যকর উদ্যোগ গ্রহণে প্রণোদিত করবেন।

উল্লেখ্য, জলবায়ু পরিবর্তনের কারণে ঝুঁকি-সম্মুখীন দেশগুলির সমন্বিত জোট ক্লাইমেট ভালনারেবল ফোরাম (সিভিএফ) এবং অর্থমন্ত্রি-পর্যায়ের ভালনারেবল-২০ গ্রুপের সভাপতির দায়িত্ব গ্রহণের পর বাংলাদেশ আকাঙ্ক্ষা, সংস্কৃতি, অর্থায়ন, সংসদ, নবায়নযোগ্য জ্বালানি ও ঝুঁকি—এ ছয়টি মৌলিক ক্ষেত্র চিহ্নিতক্রমে ছয়জন থিমেটিক অ্যাম্বাসেডর নিযুক্তির সিদ্ধান্ত গ্রহণ করে, যাঁরা আন্তঃযোগাযোগ-সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে বিশ্বের নীতিনির্ধারণ-সংশ্লিষ্ট প্রধান কুশীলবদের সঙ্গে সমন্বয়সাধনক্রমে তাঁদের কার্যপ্রক্রিয়ায় সম্পৃক্ত করবেন।

উল্লেখ্য, 'ঝুঁকি' সংক্রান্ত বিষয়ে থিমেটিক অ্যাম্বাসেডর হিসাবে দায়িত্ব পালনের জন্য মনোনীত করা হয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থার মানসিক স্বাস্থ্যবিষয়ক বিশেষজ্ঞ উপদেষ্টা প্যানেলের সদস্য মিজ্ সায়মা ওয়াজেদ হোসেন-কে। অন্যদিকে 'আকাঙ্ক্ষা' বিষয়ে মি. মোহাম্মদ নাশিদ, 'সংসদ' বিষয়ে মিজ্ লরেন লেগার্দা এবং 'নবায়নযোগ্য জ্বালানি' বিষয়ে মি. তোসি এমপানু-এমপানু দায়িত্ব পালন করবেন। ক্লাইমেট ভালনারেবল ফোরাম উপর্যুক্ত চারজনকে দূত হিসাবে বেছে নেওয়ার ক্ষেত্রে তাঁদের দক্ষতাপূর্ণ কর্মবৈশিষ্ট্য, দীর্ঘমেয়াদি অভিজ্ঞতা এবং আত্মনিয়োজন-প্রবণতা বিবেচনা করেছে। 'সংস্কৃতি' ও 'অর্থায়ন' বিষয়ক দায়িত্বে মার্শাল আইল্যান্ড ও কোস্টারিকা থেকে আরও দুইজনকে দূত হিসাবে মনোনীত করা হবে।

মিজ্ সায়মা ওয়াজেদ হোসেন মানসিক স্বাস্থ্যকে গুরুত্ব দিয়ে এবং তৎসংক্রান্ত সকল সামাজিক প্রতিবন্ধকতা দূরীভূত করে প্রতিবন্ধী ব্যক্তিদের সমাজের মূলস্রোতে নিয়ে আসতে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। তিনি বাংলাদেশে অটিজমসহ মানসিক স্বাস্থ্যসেবার সম্প্রসারণে প্রত্যক্ষ ভূমিকা রাখছেন। তিনি দক্ষিণ-পূর্ব এশিয়ায় বিশ্ব স্বাস্থ্য সংস্থার পক্ষ থেকে অটিজম বিষয়ক 'শুভেচ্ছা দূত' হিসাবে কাজ করেন। দক্ষিণ এশিয়াসহ সারা বিশ্বে কার্যকরভাবে অটিজম-সচেতনতা গড়ে তোলার ক্ষেত্রে বাংলাদেশের অগ্রণী ভূমিকায় মিজ্ সায়মা ওয়াজেদ হোসেনের অবদান অপরিসীম। মিজ্ সায়মা ওয়াজেদ হোসেনের আন্তরিক প্রয়াসেই ২০১৩ সালের মে মাসে অটিজম-সচেতনতা বিষয়ক বাংলাদেশের একটি প্রস্তাব বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্বাহী পরিষদে সর্বসম্মতভাবে গৃহীত হয়। প্রতিবন্ধী-উন্নয়নে দেশে-বিদেশে নানাবিধ কর্মসূচি তিনি নিরন্তর চালিয়ে যাচ্ছেন, যা বিশ্বের সর্বমহলে সমাদৃত ও প্রশংসিত হচ্ছে। উল্লেখ্য, অটিজমের ক্ষেত্রে তাৎপর্যপূর্ণ অবদানের জন্য মিজ্ সায়মা ওয়াজেদ হোসেন বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক গত ০১ এপ্রিল ২০১৭ তারিখে 'চ্যাম্পিয়ন ফর অটিজম ইন সাউথ-ইস্ট এশিয়া রিজিয়ন' মনোনীত হন।

মন্ত্রিসভা মনে করে যে, মিজ্ সায়মা ওয়াজেদ হোসেন যথার্থভাবেই ক্লাইমেট ভালনারেবল ফোরামের থিমেটিক অ্যাম্বাসেডর হিসাবে মনোনীত হয়েছেন। তাঁর প্রজ্ঞা, মননশীলতা ও উদ্ভাবনীমূলক প্রচেষ্টায় সিভিএফ কর্তৃক চিহ্নিত 'ঝুঁকি'-বিষয়ে তাঁর মূল্যবান পরামর্শ ও উদ্যোগ বিশ্বে জলবায়ু পরিবর্তন মোকাবেলার ক্ষেত্রে কার্যকর ভূমিকা রাখবে।

জলবায়ু পরিবর্তন-সৃষ্ট ঝুঁকি মোকাবেলায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের গৃহীত পদক্ষেপসমূহ বিশ্বব্যাপী প্রশংসিত হচ্ছে। এরই ধারাবাহিকতায় মিজ্ সায়মা ওয়াজেদ হোসেনের ক্লাইমেট ভালনারেবল ফোরামের থিমেটিক অ্যাম্বাসেডর হিসাবে অন্তর্ভুক্তি আরেকটি উল্লেখযোগ্য অর্জন। এ সম্মান আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের অবস্থান ও ভাবমূর্তি আরও গৌরবময়, সুসংহত ও উজ্জ্বল করায় মন্ত্রিসভা মিজ্ সায়মা ওয়াজেদ হোসেনকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করছে।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd